

আকর্ষণীয় নতুন নাক

ডাঃ অরিন্দম সরকার

'নাক কাটা রাজা রে/দেখরে কেমন সাজা রে'— টুনটুনি গল্পের নাক কাটা রাজার নাক রাজবৈদ্য শেষ পর্যন্ত সারাতে পেরেছিল কিনা জানি না, তবে বর্তমানে কাটা নাক, খাঁদা কিংবা বোঁচা নাক খুব সহজে স্থায়ীভাবে সারিয়ে সৌন্দর্য বৃদ্ধির পাশাপাশি আত্মবিশ্বাস ফিরিয়ে দেওয়া যাচ্ছে। বলতে দ্বিধা নেই, মুখমণ্ডলের কেন্দ্রস্থলে যে অঙ্গটি সবার আগে নজর কাড়ে, তা নাক। দীর্ঘ ও সুচাত্ত্র নাসাকে সৌন্দর্যের মাপকাঠি মানা হয়। যুগে যুগে মানুষ আকর্ষণীয় নাক চেয়েছে, কিন্তু চাইলেও তা এতদিনে সম্ভব হত না।

জন্মগত ত্রুটি: আধুনিক চিকিৎসাবিজ্ঞানের অগ্রগতির সঙ্গে সঙ্গে শল্যচিকিৎসাও এমন এক পর্যায়ে পৌঁছেছে যে, ইদানীং সৌন্দর্যবৃদ্ধির খাতিরে ব্যক্তিবিশেষের জন্মগত নাককে আমূল পাল্টে দেওয়া যাচ্ছে। মুখের আকৃতির সঙ্গে নাকের মাপ ও গঠনের সাযুজ্য রাখবার জন্য হামেশায় নানা অস্ত্রোপচার করা হচ্ছে। এই ধরনের নাকের অস্ত্রোপচারকে চিকিৎসাবিজ্ঞানের ভাষায় রাইনোপ্লাস্টি (Rhinoplasty) বলে। এই অস্ত্রোপচার নাকের দৈর্ঘ্য, বসা নাক, প্রশস্ত নাকের ডগা এবং নাকের গোড়ার স্থূলতা সংশোধন করে দিচ্ছে। সংশোধনগুলি আলাদা আলাদা ভাবে বা একত্রে করা সম্ভব।

যা করা হয়: বোঁচা বা বসা নাক নিয়ে অনেকের মনে আশঙ্কপ থাকে। সমস্যা নিরসনে নাকটিকে উঁচু করে দেওয়া হয়। এই জন্য নাকের ওপরকার চামড়ার তলদেশে তরুণাঙ্ঘি বা কার্টিলেজ বসানো হয়। প্রয়োজন অনুসারে এই কার্টিলেজকে নাকের বিভাজিকা (Septum), কানের পশ্চাদংশ বা বুকুর পাঁজর থেকে সংগ্রহ করা হয়। নাকের গহুরদ্বয়ের মাঝের অংশকে বিভাজিকা বা সেপ্টাম বলে। অস্ত্রোপচারের সময় নাকের ভেতরের দিকে বা নিচের অংশে সামান্য কেটে কার্টিলেজ ঢুকিয়ে দেওয়া হয়। বাইরে থেকে কোনও দাগ বোঝা যায় না। এই অস্ত্রোপচারে রোগীর হাসপাতালে থাকার দরকার হয় না। সেদিন বা পরদিন ছেড়ে দেওয়া হয়। নাকের ওপরের অংশ বেশি বসা হলে ওস্টিওটোমি করতে হয়। এতে নাকের উচ্চতা বাড়ে এবং তার ওপরে কার্টিলেজ বসানো হয়। আধুনিক প্রযুক্তি ব্যবহার করে বর্তমানে বিভিন্ন আকৃতির কৃত্রিম সিলিকন ইমপ্লান্ট বসানো হচ্ছে।

নাকের ডগার পরিবর্তন (ছোট/বড়/ছুঁচলো/উচ্চতা বৃদ্ধি) করতে প্রয়োজন মতো নাকের ডগার কার্টিলেজ ছোট করে ছাঁটা হয় বা নতুন করে তরুণাঙ্ঘি জুড়ে দেওয়া হয়। একে টিপপ্লাস্টি (Tipplasty) বলে। চওড়া নাকের গোড়া সরু করার জন্য নাকের ভেতর বা বাইরে থেকে কিছু চামড়া বাদ দেওয়া হয়। কার্টিলেজের সাহায্য নিয়েও অস্ত্রোপচার করা সম্ভব। যাদের নাকের চামড়া অতিরিক্ত মোটা, রাইনোপ্লাস্টি করার সময় সেই চামড়া কিছুটা পাতলা করা যেতে পারে। অবশ্য অতিরিক্ত পাতলা করলে ক্ষতির সম্ভাবনা থাকে।

আঘাতজনিত ত্রুটি: দুর্ঘটনাজনিত আঘাতের কারণে অনেক সময় নাকের হাড় ভেঙে যায়। কখনও নাকের গহুর দুটির মাঝের বিভাজিকা ভেঙে বা বেকে যেতে পারে। কারও কারও ক্ষেত্রে বাইরের অংশের উপরিভাগ বেকে বা বসে যাওয়াটাও অস্বাভাবিক নয়।

যা করা হয়: নাকের ভাঙা হাড় ও ভাঙা/বাঁকা বিভাজিকা সহজেই

জুড়ে/সোজা করে দেওয়া যায়। এর জন্য স্থানীয় স্তরে অ্যানেস্থেসিয়া করলেই চলে। রোগীকে সচরাচর সেদিন বা পরের দিনই বাড়ি চলে যাওয়ার অনুমতি দেওয়া হয়। তবে নাকের ওপরে লাগানো প্লাস্টার বা বিশেষ স্প্লিন্ট ৫/৭ দিন রাখতে হয়। ফোলা কমতেও ৫/৭ দিন লাগে।

জেনে রাখবেন: সাধারণভাবে আঘাত লাগবার ২/৩ দিনের মধ্যে অস্ত্রোপচার করে নেওয়া উচিত। একান্ত অসম্ভব হলে নাকের ফোলা ও সংক্রমণ কমলে মাস তিনেকের ভেতরে অস্ত্রোপচার অবশ্যই করে নিতে হবে। মনে রাখবেন, যত শীঘ্র অস্ত্রোপচার করা যাবে আরোগ্য তত তাড়াতাড়ি হবে এবং খরচও তুলনামূলকভাবে কম হবে।

অস্ত্রোপচারের পরে: অন্যান্য অস্ত্রোপচারের মতো অস্ত্রোপচারের পরে ৫/৭ দিন অ্যান্টিবায়োটিক ও ব্যথার ওষুধ খেতে হয়। **খরচ:** অনেক কিছুর ওপরে নির্ভর করে। সৌন্দর্যের খাতিরে নাক উঁচু করবার জন্য সিলিকন ইমপ্লান্ট ব্যবহারের খরচ সবচেয়ে কম। ২৬ থেকে ২৮ হাজার টাকা। কেউ যদি কার্টিলেজ ব্যবহার করতে চান বা এর সঙ্গে আনুষঙ্গিক অন্য কোনও অস্ত্রোপচারের প্রয়োজন হয়, তবে সময় বেশি লাগে বলে খরচ বেড়ে গিয়ে ৪০ হাজারের মতো হয়ে যায়।

সহায়তা: কৌশিক রায়

ডাঃ অরিন্দম সরকার। এম এস, এম সিএইচ (প্লাস্টিক সার্জারি)।

প্রখ্যাত কনসালট্যান্ট কসমেটিক ও প্লাস্টিক সার্জেন। কলকাতার এস এস কে এম হাসপাতাল ও আই পি জি এম ই অ্যান্ড আর-এ প্লাস্টিক সার্জারি বিভাগের সহকারী অধ্যাপক। এ ছাড়া তিনি ভিজিটিং প্লাস্টিক সার্জেন হিসেবে এ এম আর আই, ঢাকুরিয়া কেন্দ্রের সঙ্গে যুক্ত। ডাঃ সরকার দেশের নানা প্রান্তের আলোচনা সভায় বক্তা হিসেবে আমন্ত্রিত হন। তা ছাড়া জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে নানা চিকিৎসা বিজ্ঞান বিষয়ক পত্রিকায় তিনি নিয়মিত গবেষণাধর্মী লেখা লিখে থাকেন। কলকাতা মেডিক্যাল কলেজের স্নাতক ডাঃ সরকার একজন জাতীয় মেধা বৃন্তি প্রাপক। তিনি অ্যাসোসিয়েশন অফ প্লাস্টিক সার্জেনস অফ ওয়েস্ট বেঙ্গলের ভূতপূর্ব সম্পাদক ও বর্তমান কোষাধ্যক্ষ।

তাকে একান্তে পাবেন কসমেটিক অ্যান্ড প্লাস্টিক সার্জারি সেন্টার, ৩৭বি, ল্যান্ডাউন টেরাস, কলকাতা-৭০০ ০২৬ (দেশপ্রিয় পার্কের কাছে ন্যাশনাল হাই স্কুল ফর গার্লসের পেছনে) ঠিকানায়। যোগাযোগ: ৯৮৩০৬-৪৫৭০৫। জরুরি ক্ষেত্রে ফোন: ৯৮৩১১-৮৭৫৫৭। ই-মেল: doctor.asarkar@gmail.com। তাঁর চমৎকার ওয়েবসাইট রয়েছে। লগ অন করুন: www.arindamsarkar.in